

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা সমবায় কার্যালয়,
রাজশাহী।


স্মারক নং-৪৭.৬১.৮১০০.০০০.০৬.০৯৯.৮৯. ২০৪ (১৩)
বিষয়ঃ মার্চ/২০২২খ্রিঃ মাসের মাসিক সমন্বয় সভার নোটিশ।

তারিখঃ ০৬/০৩/২০২২খ্রিঃ।

এতদ্বারা মেট্রোপলিটন থানা/ উপজেলা সমবায় অফিসারগণকে জানানো যাচ্ছে যে, আগামী ০৯/০৩/২০২২ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় মার্চ/২০২২খ্রিঃ মাসের মাসিক বিভাগীয় সমন্বয় সভা এবং জেলার আশ্রয়ন/আশ্রয়ন ফেইজ-২/আশ্রয়ন-২ প্রকল্প এর বাস্তবায়ন সংক্রান্ত জেলা টার্কফোর্স কমিটির মাসিক সভা জেলা সমবায় অফিসার, রাজশাহী এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সহকারী পরিদর্শকগণকে সভায় উপস্থিত থাকার প্রয়োজন নেই। ইউসিওগণ সকল তথ্যসহ সভায় আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন।


(মোঃ সাইদুর রহমান)
জেলা সমবায় অফিসার
রাজশাহী

ই-মেইলঃdco_rajshahi@yahoo.com

আলোচ্য সূচী :

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ;
- ২। বিগত সভার সিদ্ধান্ত সমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ৩। উন্নয়ন প্রকল্প সংক্রান্ত (ক্ষুদ্র নৃ-তান্তিক, উন্নত জাতের গাভী পালন, ফ্যামিলি ওয়েল ফেয়ার ও শক্তিশালীকরণ প্রকল্পের ঋণ কার্যক্রম)
- ৪। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি(APA) এর আলোচনা বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ;
- ৫। ১০টি বিভিন্ন ক্যাটাগরি আদর্শ সমিতির তালিকা প্রেরণ প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ৬। জাতীয় শুদ্ধাচার কৌশল(NIS) সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ৭। নিবন্ধিত মাল্টিপারপাস/সঞ্চয় ও ঋণদান/ফাইন্যান্স এন্ড কমার্স/ইনভেস্টমেন্ট/ক্রেডিট সমবায় সমিতির তদারকী / মনিটরিং অগ্রগতি পর্যালোচনা এবং মনিটরিং/তদারকী এর ভিত্তিতে অনিয়ম সম্পর্কে ব্যবস্থা গ্রহণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত;
- ৮। সমবায় সমিতি সমূহের অডিট অগ্রগতি, নোট প্রাপ্তি, অডিট প্রতিবেদন পর্যালোচনা, অডিট সংশোধনী সংক্রান্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ৯। নতুন অডিট ম্যানুয়েল অনুসারে অডিট সম্পাদন ও করণীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ১০। টেষ্ট অডিট কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ১১। অডিট ফি ধার্য ও আদায় (বকেয়া সহ) বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ১২। সমবায় উন্নয়ন তহবিল ধার্য ও আদায় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ১৩। প্রশিক্ষণ/ভ্রাম্যমান প্রশিক্ষণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ১৪। পানি ব্যবস্থাপনা সমবায় সমিতির কার্যক্রম (অডিট সম্পাদন ও এলজিইডি এর নিকট অডিট নোট প্রেরণ) বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ১৫। আশ্রয়ন প্রকল্প, আশ্রয়ন প্রকল্প ফেইজ-২ ও আশ্রয়ন-২ প্রকল্পের কার্যক্রম এবং আশ্রয়ন সমবায় সমিতির কার্যক্রম বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ১৬। অকার্যকর সমবায় সমিতি কার্যকর করণ/নিবন্ধন বাতিল/গুটিয়ে ফেলা সংক্রান্ত এবং এতদবিষয়ে নিবন্ধক মহোদয়ের নির্দেশ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ১৭। প্রতি উপজেলায় সমিতি পরিদর্শন অগ্রগতি বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ১৮। লভ্যাংশ বিতরণকৃত সমিতির সংখ্যা ও লভ্যাংশ বিতরণের পরিমাণ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ১৯। প্রাথমিক সমবায় সমিতি সমূহের অবসায়ন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ;
- ২০। সমবায় বাজার স্থাপন ও বাজার সমূহের বর্তমান অবস্থা বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ২১। সমিতি নিবন্ধন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ২২। উপ-আইন সংশোধন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত
- ২৩। জনতা মাল্টিপারপাস সমবায় সমিতি লিঃ এর কার্যক্রম সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
- ২৪। বিবিধ।

বিতরণঃ

- ১। মেট্রোথানা/উপজেলা সমবায় অফিসার,বোয়ালিয়া/পবা/গোদাগাড়ী/তানোর/মোহনপুর/দুর্গাপুর/পুঠিয়া/বাগমারা/চারঘাট/বাঘা,রাজশাহী। তাকে কার্যপত্র ও অন্যান্য তথ্যাদি সহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ২। ভারপ্রাপ্ত কর্মকর্তা সমবায় ব্যাংক লিঃ/কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ,রাজশাহী। তাকে প্রয়োজনীয় তথ্যসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ৩। ম্যানেজার, নাটোর সমবায় ভূমি উন্নয়ন ব্যাংক লিঃ ও বিএসবিএল প্রতিনিধি, নাটোর, রাজশাহী। তাকে জেলাধীন যে সকল সমবায় সমিতিতে বিএসবিএল কর্তৃক ঋণ প্রদান করা হয়েছে। সে সকল সমিতির ঋণের কিস্তি আদায়ের অগ্রগতি তথ্যসহ সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।
- ৪। সোসিও ইকনোমিষ্ট,এলজিইডি, রাজশাহী।
- ৫। যুগ্ম-নিবন্ধক,বিভাগীয় সমবায় কার্যালয়,রাজশাহী বিভাগ,রাজশাহী মহোদয়ের সদয় অবগতির জন্য।